গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫

স্মারক নং- নিপোর্ট/প্রশিঃ/বিবিধ-১১৯/২০১৪/১৭৩

তারিখ ঃ ১২ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

বরাবর

মহাপরিচালক
বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি অধিদপ্তর
শেরে বাংলা নগর, ঢাকা।

**বিষয় ঃ নিপোর্টের আওতাধীন বিভাগীয় এবং জেলা পর্যায়ে অবস্থিত FWVTI সমূহকে নার্সিং কলেজ এবং নার্সিং ইনস্টিটিউট কর্তৃক সহযোগিতা প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) আওতাধীন বিভাগীয় ও জেলা পর্যায়ে ১২টি পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউ (FWVTI) এবং উপজেলা পর্যায়ে ২০টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC) রয়েছে। এ সমস্ত প্রতিষ্ঠান স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরসহ বিভিন্ন পরিদপ্তর/সংস্থার সেবা প্রদানকারী; যেমন-কর্মসূচী ব্যবস্থাপক, চিকিৎসক, প্রশিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, নার্স, প্যারামেডিক ও মাঠকর্মী, এফডব্লিউভি-দের ১৮ মাস ব্যাপী মৌলিক প্রশিক্ষণ, এফডব্লিউএ-দের মৌলিক প্রশিক্ষণ, উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসারদের ইনডাকশন প্রশিক্ষণ ও পুনঃ প্রশিক্ষণ, এফডব্লিউভি-দের পুনঃ প্রশিক্ষণ, ইএনসি প্রশিক্ষণ, বিসিসি প্রশিক্ষণ, অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা প্রশিক্ষণ, প্রোগ্রাম ম্যানেজমেন্ট প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ প্রদান করে আসছে।

পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক নিয়োগকৃত পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV)-দের মৌলিক প্রশিক্ষণ ১২টি FWVTI-তে চলমান রয়েছে (ইনস্টিটিউটের নামের তালিকা সংযুক্ত)। বর্তমানে ১২টি FWVTI-তে ৪৪২ জন FWV প্রশিক্ষণ গ্রহণ করছেন। ১৮ মাস ব্যাপী এ প্রশিক্ষণের প্রথম ৬ মাস শেষে ১ম পর্বের, পরবর্তী ৫ মাস শেষে ২য় পর্বের এবং সর্বশেষ ৬ মাস শেষে ৩য় পর্বের অর্থাৎ চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১ম ও ২য় পর্বের পরীক্ষা নিপোর্ট এবং ৩য় অর্থাৎ চূড়ান্ত পর্বের পরীক্ষা বাংলাদেশ নার্সিং কাউন্সিল পরিচালনা করে থাকে।

দেশের সকল এলাকার স্বাস্থ্য (মা ও শিশু স্বাস্থ্যসহ), পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা প্রদানকারীগণকে প্রশিক্ষণ প্রদানের সুবিধার্থে বিশেষ করে FWV-দের ১৮ মাস ব্যাপী মৌলিক প্রশিক্ষণ চলাকালীন সময়ে এবং ৩টি পর্বের পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে বিভাগীয় এবং জেলা পর্যায়ের নার্সিং কলেজ এবং নার্সিং ইনস্টিটিউট সমূহের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

এমতাবস্থায় FWV-দের মৌলিক প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রমে নিপোর্ট প্রধান কার্যালয়সহ এর আওতাধীন FWVTI সমূহকে আন্তরিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে নার্সিং কলেজ এবং নার্সিং ইনস্টিটিউট সমূহের অধ্যক্ষ/প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৫/০১/২০১৭
(রৌনক জাহান)
মহাপরিচালক
নিপোর্ট
ফোন ঃ ৯৬৬২৪৯৫

অনুলিপি ঃ
১। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল, ৮৬ বিজয় নগর, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশসরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-ডিজিএনএম/শা-৩/৪টি-১/২০১৬/২৩৯৯

তারিখ : ১৪ বৈশাখ,১৪২৪
২৭ এপ্রিল,২০১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষনা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (নিপোর্ট), ঢাকা।

০২। অধ্যক্ষ, নার্সিংকলেজ /নার্সিং ইনষ্টিটিউট-------------------------------------------।
(বর্নিত বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।

০৩। নার্সিং ইনষ্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনষ্টিটিউট--------------------------------- ------------।
(বর্নিত বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।

০৪। কো-অর্ডিনেটর, বিভাগীয় কন্টিনিউইং এডুকেশন সেন্টার-----------------------------------।
(বর্নিত বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।

০৫। কো-অর্ডিনেটর, পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার, গাবতলী, বগুড়া/হরিনাকুন্ড,ঝিনাইদহ।
(বর্নিত বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।

০৬। রেজিষ্ট্রার, বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল, ৮৬ বিজয় নগর, ঢাকা।

২৭.৪.২০১৭

তন্দ্রা শিকদার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ইমেইল-info.dgnm.gov.bd
ফোনঃ ০২-৯১৩৬৬৭৪